দৈনিক ইনকিলাব

১৩

তারিখ JUL 1-9-1999
পৃষ্ঠা ৮ কলাম ৪

# মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে জমিয়তে মোদার্রেছীনের বিক্ষোভ মিছিল

## লালমনিরহাট জেলা শাখা

**লালমনিরহাট জেলা সংবাদদাতা ঃ** বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন লালমনিরহাট জেলা শাখার উদ্যোগে এক বিক্ষোভ মিছিল শহরের বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কাছে মদ্রাসার মঞ্জুরী প্রত্যাহার ও এমপিওভুক্তি বাতিলের প্রতিবাদে স্মারকলিপি প্রদান করে।

অধ্যক্ষ মাওলানা মোজাম্মেল হক সাহেবের সভাপতিত্বে স্থানীয় লালমনিরহাট নেছারিয়া আলিয়া মদ্রাসা প্রাঙ্গণে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন মাওলানা মাহফুজার রহমান, মাওলানা ইছাহাক আলী, মাওলানা আব্দুল মোন্নাফ, মাওলানা আক্তারুজ্জামান, মাওলানা আনছার আলী, মাওলানা আব্দুল্লাহ, মাওলানা আইয়ুব আলী বসুনীয়া, মাওলানা মোজাম্মেল হক প্রমুখ।

সমাবেশ শেষে বিক্ষোভ মিছিল সহকারে জেলা জমিয়াতুল মোদার্রেছীনের পক্ষ থেকে জেলা প্রশাসকের কাছে এক স্মারকলিপি প্রদান করা হয়। স্মারকলিপিতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন স্তরের যে সকল মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিওভুক্তি বাতিলের নির্দেশ প্রদান করা হয়েছে, তাদের স্বীকৃতি ও এমপিওভুক্তি বহাল রাখার নির্দেশ প্রদানের দাবী জানানো হয়। দেশের স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাসমূহকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতায় রেখে সংযুক্ত এবতেদায়ী মাদ্রাসাসমূহের অনুরূপ বেতন-ভাতা প্রদানের ব্যবস্থা করার এবং এবতেদায়ী মাদ্রাসার ছাত্রছাত্রীদের মাদ্রাসা বোর্ড অনুমোদিত পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ বিনামূল্যে প্রদানের ব্যবস্থা করার দাবী জানানো হয়।

## ঝালকাঠি জেলা জমিয়তের স্মারকলিপি পেশ

**ঝালকাঠী জেলা সংবাদদাতার ফ্যাক্স ঃ** মাদ্রাসা শিক্ষার সম্প্রসারণ ও উন্নয়নের লক্ষ্যে কাংক্ষিত পদক্ষেপ এবং কর্মসূচী কামনা করে শিক্ষা মন্ত্রণালয় থেকে সম্প্রতি যে সকল মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিওভুক্তি বাতিলের নির্দেশ জারি করা হয়েছে, সে আদেশ অবিলম্বে প্রত্যাহারের দাবী জানিয়ে চার দফা দাবীসংবলিত একটি স্মারকলিপি ঝালকাঠী জেলা প্রশাসকের মাধ্যমে জেলা জমিয়াতুল মোদার্রেছীনের পক্ষ থেকে বাংলাদেশের মহামান্য প্রেসিডেন্ট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী বরাবরে পেশ করা হয়েছে। জেলা জমিয়াতুল মোদার্রেছীনের সভাপতি অধ্যক্ষ মাওলানা খলিলুর রহমান নেছারাবাদী, সম্পাদক অধ্যক্ষ মাওলানা আবদুর রশীদ এবং জেলা ও থানা কমিটির বিপুলসংখ্যক নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। শুক্রবার ঝালকাঠীতে সকল ইসলামপন্থী সংগঠনের উদ্যোগে মাদ্রাসা শিক্ষা বন্ধের দাবী রুখতে হবে- এ দাবী নিয়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

## চকরিয়া থানা শখার বিবৃতি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন চকরিয়া থানার সভাপতি ও সম্পাদক এক বিবৃতিতে বলেন, আমরা অবাক বিস্ময়ের সাথে লক্ষ্য করেছি যে, প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীসহ সরকারের উচ্চপর্যায়ের দায়িত্বশীল বিভিন্ন মন্ত্রীবর্গ দ্ব্যর্থহীন ভাষায় মাদ্রাসা শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণের প্রতিশ্রুতি বারবার দৃঢ়তার সঙ্গে ব্যক্ত করা সত্ত্বেও এর বিপরীতে সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের একজন সিনিয়র সহকারী সচিব স্বাক্ষরিত একটি সার্কুলারের মাধ্যমে সরকার দেশের প্রায় ৪ হাজার মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার, এমপিওভুক্তি বাতিল ও কর্মরত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বন্ধের পদক্ষেপ গ্রহণ করেন- যা মাদ্রাসা শিক্ষার পৃষ্ঠপোষকতার ক্ষেত্রে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর ইতোপূর্বেকার ঘোষণার সাথে সাংঘর্ষিক ও পরস্পর বিরোধী। আমরা এ বিবৃতির মাধ্যমে সরকারের এহেন হঠকারিতামূলক সিদ্ধান্তের বিরুদ্ধে গভীর উদ্বেগ, তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। আমরা মনে করি এ রকম সার্কুলার প্রেরণ মূলত মাদ্রাসা শিক্ষা তথা ইসলামী শিক্ষার বিরুদ্ধে গভীর চক্রান্ত এবং ধর্মপ্রাণ জনগণের ধর্মীয় শিক্ষা অর্জনের মৌলিক অধিকার বিনাশের একটি ঘৃণ্য পদক্ষেপ ছাড়া আর কিছু নয়।